

🗏 আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮: ৪৫

আরবি মূল আয়াত:

وَ أُملِى لَهُم اللهِ إِنَّ كَيدِى مَتِينٌ ﴿ ٢٥﴾

আর আমি তাদেরকে অবকাশ দেব। অবশ্যই আমার কৌশল অত্যন্ত বলিষ্ঠ। — আল-বায়ান আমি তাদেরকে (লম্বা) সময় দেই, আমার কৌশল বড়ই মজবুত। — তাইসিরুল আর আমি তাদেরকে সময় দিয়ে থাকি, আমার কৌশল অত্যন্ত বলিষ্ঠ। — মুজিবুর রহমান And I will give them time. Indeed, My plan is firm. — Sahih International

৪৫. আর আমি তাদেরকে সময় দিয়ে থাকি, নিশ্চয় আমার কৌশল অত্যান্ত বলিষ্ঠ।

তাফসীরে জাকারিয়া

(৪৫) আর আমি তাদেরকে ঢিল দিয়ে থাকি, আমার কৌশল অত্যন্ত বলিষ্ঠ। [1]

[1] এটা পূর্বোক্ত বিষয়ের তাকীদস্বরূপ। کَیْدٌ গোপন কৌশল ও চক্রান্তকে বলা হয়। এটা সৎ উদ্দেশ্য হলে, তা কোন দোষের নয়। এটাকে যেন উর্দু ভাষায় ব্যবহূত 'কায়দ' মনে না করা হয়; যার মধ্যে কেবল মন্দ অর্থই পাওয়া যায়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5316

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন